**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ শিশু একাডেমি
দোয়েল চত্বর সড়ক,শাহবাগ, ঢাকা-১০০০
www.shishuacademy.gov.bd

স্মারক নং : ৩২.০৩.০০০০.১০০.১১.০০২.২৪-৪৩০ তারিখ: ০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

# নিয়োগপত্র

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ শিশু একাডেমির রাজস্ব খাতভুক্ত ডাটাএন্ট্রি অপারেটর (অস্থায়ী) পদে নিম্নবর্ণিত প্রার্থীগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতন স্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

**পদের নাম: ডাটাএন্ট্রি অপারেটর (অস্থায়ী):**

| ক্র. নং | নাম | পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ রেদওয়ান আহম্মেদ | পিতা: সুলতান আহম্মেদ<br>মাতা: মোসাঃ বিউটি | গ্রাম: বাইচটকী, ডাকঘর: কাকচিড়া-৮৭২১, উপজেলা: পাথরঘাটা, জেলা: বরগুনা। | ১৬তম গ্রেড<br>(স্কেল ৯৩০০- ২২৪৯০/-) |
| ২. | জনাব মো. তাইফুর রহমান | পিতা: মো. আফজাল মৃধা<br>মাতা: মোসা. জাকিয়া বেগম | গ্রাম: দক্ষিন আমতলী, ডাকঘর: চলাভাঙ্গা- ৮৭১০, উপজেলা: আমতলী, জেলা: বরগুনা। | ১৬তম গ্রেড<br>(স্কেল ৯৩০০- ২২৪৯০/-) |
| ৩. | জনাব মোঃ তহুরুল হক | পিতা: মোঃ মজিবর রহমান<br>মাতা: জরিনা বেগম | গ্রাম: ভোলার পালসা, ডাকঘর: কোলাহাট- ৬৫৭০, উপজেলা: বদলগাছী, জেলা: নওগাঁ। | ১৬তম গ্রেড<br>(স্কেল ৯৩০০- ২২৪৯০/-) |
| ৪. | জনাব মোঃ মিলন মিয়া | পিতা: মোঃ এমদাদুল হক<br>মাতা: হোসনে আরা বেগম | গ্রাম: পূর্ব খুটামারা, ডাকঘর: বিন্যাকুড়ী-৫৩৩০, উপজেলা: জলঢাকা, জেলা: নীলফামারী। | ১৬তম গ্রেড<br>(স্কেল ৯৩০০- ২২৪৯০/-) |
| ৫. | জনাব মোঃ মেহেদী হাসান | পিতা: মোঃ সাইফুল ইসলাম<br>মাতা: সালমা আক্তার | গ্রাম: লতিবাবাদ দক্ষিণ, ডাকঘর: কিশোরগঞ্জ- ২৩০০, উপজেলা: কিশোরগঞ্জ সদর, জেলা: কিশোরগঞ্জ। | ১৬তম গ্রেড<br>(স্কেল ৯৩০০- ২২৪৯০/-) |

**নিয়োগের শর্তাবলি:**

১. ক. আগামী ২৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখের মধ্যে বাংলাদেশ শিশু একাডেমি, প্রধান কার্যালয়, ঢাকায় যোগদান করতে হবে।

খ. এই নিয়োগ বাংলাদেশ শিশু একাডেমি আইন ২০১৮, বাংলাদেশ শিশু একাডেমি কর্মচারী প্রবিধানমালা ১৯৯০ এবং কর্মচারী প্রবিধানমালা ১৯৯০ (০৭ এপ্রিল ২০১৮) এর সংশোধিত তফসিল অনুসারে নিয়ন্ত্রিত হবে।

গ. সরাসরি নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ৬ (ছয়) মাসের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। বাংলাদেশ শিশু একাডেমি কর্মচারী প্রবিধানমালা ১৯৯০ এর ৬ (১) নং অনুচ্ছেদ মোতাবেক নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করে যে কোন ব্যক্তির ক্ষেত্রে উক্ত মেয়াদ অনূর্ধ্ব ছয় মাসের জন্য বৃদ্ধি করতে পারবে।

ঘ. কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হবে না, যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিশ মেয়াদ সমাপ্ত করে থাকেন এবং বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক সময় সময় নির্ধারত বিভাগীয় পরীক্ষায় (যদি থাকে) পাশ করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) গ্রহণ করে থাকেন।

ঙ. সিভিল সার্জন এর নিকট থেকে সুস্বাস্থ্য সম্পর্কিত সার্টিফিকেট যোগদানপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

চ. যোগদানপত্রের সাথে পুরণকৃত পুলিশ ভেরিফিকেশন ফরম দাখিল করতে হবে। ভেরিফিকেশনে কোন বিরূপ মন্তব্য পাওয়া গেলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

ছ. যোগদানের সময় জাতীয় পরিচয়পত্র, নাগরিকত্ব সনদ এবং সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

জ. চাকরিতে তাঁদের জ্যেষ্ঠতা বিধি মোতাবেক সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী নির্ধারিত হবে।

ঝ. চাকরিতে নিয়োগের লক্ষ্যে কোনো মিথ্যা তথ্য প্রদান করা হলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল মর্মে গণ্য হবে।

ঞ. নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

ট. নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ 'বিষয়' প্রচলিত আইন ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

ঠ. চাকরিতে যোগদানের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ড. প্রার্থী বিদেশী কোনো নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহ বন্ধনের অঙ্গীকারাবদ্ধ হলে এ নিয়োগ আদেশ বাতিল হবে।

ঢ. কোনো সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র গ্রহণপূর্বক যোগদানপত্রের সাথে অবশ্যই উক্ত ছাড়পত্র দাখিল করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারী করা হলো।

০৯/02/2026


মোছাঃ আরজু আরা বেগম
মহাপরিচালক
বাংলাদেশ শিশু একাডেমি
ই-মেইল: dgbsa22@gmail.com
ফোন: +৮৮০২২২৩৩৮৯০৬১


স্মারক নং : ৩২.০৩.০০০০.১০০.১১.০০২.২৪-৪৩০/১(২১) তারিখ: ০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

অনুলিপি: অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন, আগারগাঁও, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (শিশু ও সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. মিউজিয়াম কীপার, বাংলাদেশ শিশু একাডেমি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. লাইব্রেরিয়ান, বাংলাদেশ শিশু একাডেমি, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. প্রোগ্রাম অফিসার (প্রশাসন-১), বাংলাদেশ শিশু একাডেমি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. হিসাব রক্ষণ অফিসার (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ শিশু একাডেমি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ শিশু একাডেমি, প্রধান কার্যালয়, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২.জনাব..........................................................................................................................................।
১৩.অফিস কপি।

০৯/02/2026


মোছাঃ আরজু আরা বেগম
মহাপরিচালক
বাংলাদেশ শিশু একাডেমি
ই-মেইল: dgbsa22@gmail.com
ফোন: +৮৮০২২২৩৩৮৯০৬১